



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৭০

শেখ হাসিনা দেশে ফিরে না এলে এত উন্নয়ন হতো না - পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ০৩ কার্তিক (১৯ অক্টোবর):

শেখ হাসিনা দেশে ফিরে না এলে দেশের এত উন্নয়ন হতো না বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, এমপি। আজ বুধবার সন্ধ্যায় রাজশাহীর বাঘা উপজেলার রুস্তমপুর উচ্চ বিদ্যালয়ে নবনির্মিত চারতলা একাডেমিক ভবন উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী এ মন্তব্য করেন।

শাহরিয়ার আলম বলেন, ৭৫'র ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে সপরিবারে হত্যার পর সকল বাঁধা পেরিয়ে ১৯৮১ সালে শেখ হাসিনা দেশে ফিরে না এলে বাংলাদেশের এত উন্নয়ন হতো না। আজ দেশের সব জায়গায় শেখ হাসিনার উন্নয়ন পৌঁছে গেছে।

প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ আজ এশিয়ার মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত হয়েছে তুলে ধরে তিনি বলেন, এখন রাস্তা-ঘাটের দিকে তাকালেই বুঝা যায় কতটা উন্নয়ন হয়েছে দেশের। কোথাও এখন কাঁচা বা টিনসেডের প্রাইমারি স্কুল দেখা যায় না। আগামী ৪ বছর পর দেশের কোথাও কোনো শিক্ষাপ্রতিষ্ঠান কাঁচা থাকবে না।

দেশকে এগিয়ে নিতে হলে শিক্ষার ভূমিকা অপরিসীম উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, সবাই এগিয়ে এলে আমাদের পক্ষে একটি সুন্দর সমাজব্যবস্থা গড়ে তোলা সম্ভব। এজন্য তিনি সবাইকে ভালো ভালো কাজ করার আহ্বান জানান।

যারা ভালো তারা সবসময় ভালো কাজ করে উল্লেখ তিনি বলেন, যারা ভালো কাজ করে জনগণ তাদের মনে রাখে, তাদের সঠিক মূল্যায়ন করে। যারা ভালো কাজে করবে না, মানুষ তাদের মূল্যায়ন করবে না। যারা অন্যায় কাজের সঙ্গে জড়িত প্রধানমন্ত্রী তাদের পছন্দ করেন না।

এসময় তিনি বৈশ্বিক সংকট মোকাবিলার জন্য দেশের কোথাও কোনো জমি পতিত না রাখার পরামর্শ দেন।

অনুষ্ঠানে রুস্তমপুর উচ্চ বিদ্যালয়ের সভাপতি মো. মাহাতাব আলীর সভাপতিত্বে বাঘা উপজেলা নির্বাহী অফিসার শারমীন আক্তার বক্তৃতা করেন।

.....
তৌহিদ/তাজকিয়া/আতিক/সিকান্দার/রোকন/২০২২/২০.৩০ঘ.